

সাকুলার নং: বিজিএ/কাস/২০২৪/০২৫

তারিখ: ০৮/০৭/২০২৪

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়: শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট অনিশ্চিত বিল অব এক্সপোর্টসমূহের তথ্য সংশ্লিষ্ট কাস্টম হাউস হতে প্রত্যয়ন করে বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণ প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ ব্যাংকের স্মারক নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩২/২০২৪-২১৪৭, তারিখ: ০৮/০৭/২০২৪।

সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য বাংলাদেশ ব্যাংকের অনলাইনে হালনাগাদকরণের মেয়াদ ৩০/০৬/২০২৪ হতে বৃদ্ধি করে ৩১/১২/২০২৪ তারিখ নির্ধারণ করা হয়েছে।

আমদানি-রপ্তানি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য আগামী ৩১/১২/২০২৪ তারিখের মধ্যে হালনাগাদকরণের জন্য অনুরোধ করা হলো।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের সূত্রোক্ত নির্দেশনা এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,


মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

৫০১১৯



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট
(এক্সপোর্ট ট্রেড শাখা)

সূত্র নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩২/২০২৪-২১৪৭

তারিখঃ ০৪/০৭/২০২৪ ইং

সভাপতি

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স

বাড়ি নং- ৭/৭এ, সেক্টর-১৭

রকঃ এইচ-১, উত্তরা

ঢাকা-১২৩০।

(দৃষ্টি আকর্ষণঃ মোঃ ফয়জুর রহমান, মহাসচিব)

প্রিয় মহোদয়,

পোশাক শিল্পের চালান রপ্তানিতে অনির্দিষ্ট শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট বিল অব এক্সপোর্টসমূহের তথ্য বাংলাদেশ ব্যাংকের অন-লাইনে হালনাগাদকরণ প্রসঙ্গে।

শীর্ষক বিষয়ে আপনাদের ২৫/০৬/২০২৪ তারিখের পত্র নং- বিজিএ/কাস/২০২৪/৮০৯৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক অবহিত করা যাচ্ছে যে, শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট তথ্যাদি অনলাইনে হালনাগাদের কার্যক্রম সম্পাদনের মেয়াদ আগামী ৩১/১২/২০২৪ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে।

০২) উল্লিখিত সময়ের মধ্যে এডি ব্যাংকের সহযোগিতা গ্রহণপূর্বক কাস্টমস হতে শর্ট শিপমেন্ট সংশ্লিষ্ট প্রত্যয়নপত্র গ্রহণ এবং তা অনলাইনে হালনাগাদের কার্যক্রম সম্পন্ন করার জন্য আপনাদের সদস্য প্রতিষ্ঠানসমূহকে তাগাদা প্রদান করতে বিশেষভাবে অনুরোধ করা হল।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সুজাত আলী প্রধান)

যুগ্ম-পরিচালক

ফোনঃ +৮৮ ০২ ৫৫৬৬৫০০১-৫/২১১৫১